গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়
জরুরি সাড়াদান কেন্দ্র (ইওসি)
www.ddm.gov.bd
৯২-৯৩ মহাখালী বা/এ, ঢাকা-১২১২

স্মারক নম্বর: ৫১.০১.০০০০.০২৭.১৫.০০১.১৮.৩১০ তারিখ: ২০ আশ্বিন ১৪২৯
০৫ অক্টোবর ২০২২

বিষয়: **দুর্যোগ সংক্রান্ত দৈনিক প্রতিবেদন।**

**১। আবহাওয়ার সতর্কবার্তা:**

পশ্চিম মধ্য-বঙ্গোপসাগর ও তৎসংলগ্ন অন্ধ্র উপকূলীয় এলাকায় অবস্থানরত লঘুচাপের প্রভাবে উত্তর বঙ্গোপসাগর ও তৎসংলগ্ন এলাকায় গভীর সঞ্চারনশীল মেঘমালার সৃষ্টি অব্যাহত রয়েছে। সমুদ্রবন্দর সমূহ, উত্তর বঙ্গোপসাগর ও বাংলাদেশের উপকূলীয় এলাকায় ঝড়ো হাওয়া বয়ে যেতে পারে।
চট্টগ্রাম,কক্সবাজার,মোংলা ও পায়রা বন্দরসমূহকে ০৩(তিন) নম্বর (পুন:) তিন নম্বর স্থানীয় সতর্ক সংকেত দেখিয়ে যেতে বলা হয়েছে।

উত্তর বঙ্গোপসাগর ও গভীর সাগরে অবস্থানরত মাছ ধরার নৌকা ও ট্রলারসমূহকে পরবর্তী নির্দেশ না দেওয়া পর্যন্ত উপকূলের কাছাকাছি থেকে সাবধানে চলাচল করতে বলা হয়েছে।

**২। আজ ০৫ অক্টোবর, ২০২২ খ্রিঃ তারিখ সকাল ১০.০০ টা থেকে সন্ধ্যা ৬ টা পর্যন্ত দেশের অভ্যন্তরীণ নদীবন্দর সমূহের জন্য আবহাওয়ার পূর্বাভাস:**

খুলনা, বরিশাল, পটুয়াখালী, নোয়াখালী, কুমিল্লা, চট্টগ্রাম, কক্সবাজার ও সিলেট অঞ্চলসমূহের উপর দিয়ে দক্ষিণ/দক্ষিণ-পূর্ব দিক থেকে ঘণ্টায় ৪৫-৬০ কি.মি. বেগে অস্থায়ীভাবে দমকা/ঝড়ো হাওয়াসহ বৃষ্টি/বজ্রসহ বৃষ্টি হতে পারে। এসব এলাকায় নৌ-বন্দরসমূহক ে ১ নম্বর (পুনঃ) ১ নম্বর সতর্ক সংকেত দেখাতে বলা হয়েছে।

**৩। আজ ০৫ অক্টোবর, ২০২২ খ্রিঃ তারিখ সকাল ০৯ টা থেকে পরবর্তী ২৪ ঘন্টার আবহাওয়ার পূর্বাভাস:**

**সিনপটিক অবস্থা: পশ্চিমমধ্য বঙ্গোপসাগর ও উত্তরপশ্চিম বঙ্গোপসাগর এলাকায় অবস্থানরত লঘুচাপটি বর্তমানে পশ্চিমমধ্য বঙ্গোপসাগর এবং তৎসংলগ্ন অন্ধ্র উপকূলীয় এলাকায় অবস্থান করছে। মৌসুমী বায়ুর অক্ষ বিহার, পশ্চিমবঙ্গ ও বাংলাদেশের মধ্যাঞ্চল হয়ে আসাম পর্যন্ত বিস্তৃত রয়েছে। মৌসুমী বায়ু বাংলাদেশের উপর মোটামুটি সক্রিয় এবং উত্তর বঙ্গোপসাগরের অন্যত্র মাঝারি থেকে প্রবল অবস্থায় রয়েছে।**

**পূর্বাভাস: রংপুর, খুলনা, সিলেট ও ময়মনসিংহ বিভাগের অনেক জায়গায় এবং চট্টগ্রাম, ঢাকা, বরিশাল ও রাজশাহী বিভাগের কিছু কিছু জায়গায় অস্থায়ীভাবে দমকা হাওয়া ও বিজলী চমকানোসহ হালকা থেকে মাঝারি ধরণের বৃষ্টি/বজ্রসহ বৃষ্টি হতে পারে। সেইসাথে দেশের কোথাও কোথাও বিক্ষিপ্তভাবে মাঝারি ধরণের ভারি থেকে ভারি বর্ষণ হতে পারে।**

**তাপমাত্রা: সারাদেশে দিন এবং রাতের তাপমাত্রা প্রায় অপরিবর্তিত থাকতে পারে।**

**পরবর্তী৭২ ঘন্টার আবহাওয়ার অবস্থা (৩ দিন) : বৃষ্টিপাতের প্রবণতা অব্যাহত থাকতে পারে।**

**গতকালের সর্বোচ্চ ও আজকের সর্বনিম্ন তাপমাত্রা (ডিগ্রী সেলসিয়াস):**

| বিভাগের নাম | ঢাকা | রাজশাহী | রংপুর | ময়মনসিংহ | সিলেট | চট্রগ্রাম | খুলনা | বরিশাল |
|---|---|---|---|---|---|---|---|---|
| সর্বোচ্চ তাপমাত্রা | ৩৪.৪ | ৩৩.৮ | ৩২.১ | ৩৩.৫ | ৩৪.০ | ৩৪.৮ | ৩৩.৮ | ৩২.৮ |
| সর্বনিম্ন তাপমাত্রা | ২৪.০ | ২৪.০ | ২৩.৪ | ২৫.৫ | ২৪.০ | ২৩.৮ | ২৪.৮ | ২৫.৫ |

**গতকাল দেশের সর্বোচ্চ তাপমাত্রা ছিল সীতাকুন্ড ও কুমিল্লা ৩৪.৮° সেঃ এবং আজকের সর্বনিম্ন তাপমাত্রা তেঁতুলিয়া ২৩.৪° সেঃ।**

**(সূত্রঃ বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তর, ঢাকা।**

**৪। এক নজরে নদ-নদীর পরিস্থিতি ও পূর্বাভাসঃ**

- ব্রহ্মপুত্র-যমুনা ও গঙ্গা-পদ্মা নদ-নদীর পানি সমতল হ্রাস পাচ্ছে, যা আগামী ৭২ ঘণ্টা পর্যন্ত অব্যাহত থাকতে পারে।
- দেশের উত্তর-পূর্বাঞ্চলের সকল প্রধান নদ-নদীসমূহের পানি সমতল বৃদ্ধি পাচ্ছে যা আগামী ২৪ ঘণ্টা পর্যন্ত অব্যাহত থাকতে পারে।
- আগামী ২৪ ঘণ্টায়, ধলাই ও খোয়াই নদীর কমলগঞ্জ এবং বল্লা পয়েন্ট বিপদসীমার উপর দিয়ে প্রবাহিত হতে পারে।

**৫। বিপদসীমার উপর দিয়ে প্রবাহিত স্টেশন (০৫ অক্টোবর, ২০২২ খ্রিঃ সকাল ৯.০০ টার তথ্য অনুযায়ী):**

| পানি সমতল স্টেশন | নদীর নাম | আজকের পানি সমতল (মিটার) | বিগত ২৪ ঘন্টায় বৃদ্ধি(+)/হ্রাস(-) (সে.মি.) | বিপদসীমা (মিটার) | বিপদসীমার উপরে (সে.মি.) |
|---|---|---|---|---|---|
| বল্লা | খোয়াই | ২১.৭০ | +৪৫ | ২১.২০ | +৫০ |

**৬। বৃষ্টিপাতের তথ্য :**

গত ২৪ ঘন্টায় বাংলাদেশে উল্লেখযোগ্য বৃষ্টিপাত (গত কাল সকাল ০৯:০০ টা থেকে আজ সকাল ০৯:০০ টা পর্যন্ত):

| স্টেশন | বারিপাত (মি.মি.) | স্টেশন | বারিপাত (মি.মি.) |
|---|---|---|---|
| শ্রীমঙ্গাল (মৌলভীবাজার) | ৭০.০ | ঠাকুরগাঁও | ৬৭.০ |
| আত্রাই (নওগাঁ) | ৬১.০ | লাটু (সিলেট) | ৫৫.০ |
| লালাখাল (সিলেট) | ৫৩.০ | পঞ্চগড় | ৪২.০ |

গত ২৪ ঘন্টায় ভারতের উত্তর পূর্বাঞ্চলের সিকিম, অরুণাচল, আসাম, মেঘালয় ও ত্রিপুরা অঞ্চলে উল্লেখযোগ্য বৃষ্টিপাতের পরিমাণ:

| স্টেশন | বারিপাত (মি.মি.) | স্টেশন | বারিপাত (মি.মি.) |
|---|---|---|---|
| দিব্রুগড় (আসাম) | ৫২.০ | দার্জিলিং(পশ্চিম বঙ্গ) | ৫০.০ |

**নদ-নদীর অবস্থা (আজ সকাল ০৯:০০ টা পর্যন্ত):**

| | | | |
|---|---|---|---|
| পর্যবেক্ষণাধীন পানি সমতল স্টেশন | ১০৯ | গেজ স্টেশন বন্ধ আছে | ০০ |
| বৃদ্ধি | ৩৪ | গেজ পাঠ পাওয়া যায়নি | ০১ |
| হ্রাস | ৬৮ | মোট তথ্য পাওয়া যায়নি | ০১ |
| অপরিবর্তিত | ০৬ | **বিপদসীমার উপরে** | **০১** |
| **বন্যা আক্রান্ত জেলার সংখ্যা** | | | **০০** |
| **বিপদসীমার উপরে নদীর সংখ্যা** | | | **০০** |

**৭। অগ্নিকান্ড সম্পর্কিত তথ্যঃ**

**ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্সের নিয়ন্ত্রণ কক্ষের তথ্য (মোবাইল এসএমএস) থেকে জানা যায়, ০৩ অক্টোবর, ২০২২ খ্রিঃ তারিখ রাত ১২.০০টা থেকে ০৪ অক্টোবর, ২০২২খ্রিঃ তারিখ রাত ১২.০০ টা পর্যন্ত সারাদেশে মোট ১৪ টি অগ্নিকান্ডের ঘটনা ঘটেছে। বিভাগ ভিত্তিক অগ্নিকান্ডে নিহত ও আহতের সংখ্যা নিম্নরূপ:**

| ক্রঃ নং | বিভাগের নাম | অগ্নিকান্ডের সংখ্যা | আহতের সংখ্যা | নিহতের সংখ্যা |
|---|---|---|---|---|
| ১। | ঢাকা | ৫ | ০ | ১ |
| ২। | ময়মনসিংহ | ০ | ০ | ০ |
| ৩। | বরিশাল | ০ | ০ | ০ |
| ৪। | সিলেট | ০ | ০ | ০ |
| ৫। | রাজশাহী | ২ | ০ | ০ |
| ৬। | রংপুর | ১ | ০ | ০ |
| ৭। | চট্টগ্রাম | ৫ | ০ | ০ |
| ৮। | খুলনা | ১ | ০ | ০ |
| | **মোট** | **১৪** | **০** | **১** |

৫-১০-২০২২
কামরুন নাহার
ভারপ্রাপ্ত কর্মকর্তা
ফোন: ৮৮০-৫৮৮১১৬৫১
ফ্যাক্স: ৮৮০-২-৯৮৯১৯২৬
ইমেইল: controlroom.ddm@gmail.com

ভারপ্রাপ্ত কর্মকর্তা-১
এনডিআরসিসি অনুবিভাগ
দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়

স্মারক নম্বর: ৫১.০১.০০০০.০২৭.১৫.০০১.১৮.৩১০/১(১৭২)

তারিখ: ২০ আশ্বিন ১৪২৯ / ০৫ অক্টোবর ২০২২

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ সচিব-এঁর দপ্তর, মন্ত্রিপরিষদ বিভাগ
২) প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়
৩) সিনিয়র সচিব , প্রধানমন্ত্রীর কার্যালয়
৪) সিনিয়র সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ
৫) সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়
৬) মহাপরিচালক , দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
৭) বিভাগীয় কমিশনার (সকল)
৮) পরিচালক (সকল)
৯) জেলা প্রশাসক (সকল)
১০) উপ-পরিচালক (সকল)
১১) প্রতিমন্ত্রীর একান্ত সচিব, মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের দপ্তর, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়
১২) প্রোগ্রামার, আইসিটি শাখা, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
১৩) জেলা ত্রাণ ও পুর্নবাসন কর্মকর্তা
১৪) সহকারী পরিচালক , যানবাহন শাখা, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর

৫-১০-২০২২
কামরুন নাহার
ভারপ্রাপ্ত কর্মকর্তা